



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা
৭২ গ্রীন রোড, ঢাকা-১২১৫
www.warpo.gov.bd



ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি	বদরুল হাসান লিটন পরিচালক (পরিকল্পনা)
সভার তারিখ	২৮/০৮/২০২৩খ্রিঃ
সভার সময়	সকাল ১১:০০ ঘটিকা
স্থান	পরিচালক মহোদয়ের অফিস কক্ষ
উপস্থিতি	কর্মকর্তাদের নামের তালিকা সংযুক্তিতে দেখানো হলো।


সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। পানি সম্পদ পরিকল্পনা সংস্থার ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অন্তর্ভুক্ত কার্যক্রম ও কর্মসম্পাদন সূচক বাস্তবায়ন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে নিম্ন উল্লেখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

সিদ্ধান্তসমূহঃ

ক্রমিক	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	[১.১.১] সেবা/অফিস ব্যবস্থাপনা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত	(ক) সকল কর্মকর্তা বরাবর উদ্ভাবনী আইডিয়া প্রদান করার জন্য পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) আগামী মাসিক সমন্বয় সভায় প্রাপ্ত আইডিয়া বাছাইপূর্বক উদ্ভাবনী ধারণা চূড়ান্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (পরিকল্পনা)
২	[২.১.১] ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবা সমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজ সেবাসমূহ অব্যাহত রাখা।	(ক) উদ্ভাবিত/ সহজিকৃত /ডিজিটাইজকৃত সেবা সমূহের সেবা গ্রহীতার সংখ্যা মাসিক ভিত্তিতে নিরূপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজ সেবাসমূহ অব্যাহত/ চালু রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	কম্পিউটার ও তথ্য শাখা
৩	[৩.১.১] আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে ন্যূনতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজিত এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচিত।	(ক) আওতাধীন অফিসসমূহের ইনোভেশন আইডিয়া প্রদান এবং বাস্তবায়ন করা জন্য পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজন এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম

৪	[৪.১.১] ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃত	ই-ফাইলের ব্যবহার বৃদ্ধি এবং নোট নিষ্পত্তির বিষয়ে বিগত ২০/০৭/২৩ খ্রিঃ তারিখের স্বাক্ষর নং ৪২.০২.০০০০.০০৯.৩৫.০০২.১৪.১৬১ এর অফিস আদেশের আলোকে সকল শাখা প্রধান প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক, সচিব, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা
৫	[৫.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত	কম্পিউটার ও তথ্য শাখা কর্তৃক তথ্য বাতায়ন হালনাগাদ কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রোগ্রামার)
	[৫.১.২] আওতাধীন অফিসসমূহের তথ্য বাতায়ন হালনাগাদকরণ নিশ্চিতকরণ	(ক) আওতাধীন অফিসসমূহের তথ্য বাতায়ন তৈরি বিষয়ে a2i কে পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয় (খ) তথ্য বাতায়ন তৈরি হলে মাঠ পর্যায়ের কর্মকর্তা দ্বারা নিয়মিত হালনাগাদকরণ নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	কম্পিউটার ও তথ্য শাখা
৬	[৬.১.১] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা/সভা/সেমিনার আয়োজিত	স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা আগামী ১০ সেপ্টেম্বর/২৩ তারিখের মধ্যে করা সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম
	[৬.১.২] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়নকৃত	স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা/সভা/সেমিনার থেকে প্রাপ্ত মতামতের আলোকে নির্ধারিত তারিখের পূর্বে কর্মপরিকল্পনা প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।



২৯-০৮-২০২৩
বদরুল হাসান লিটন
পরিচালক (পরিকল্পনা)
৪৪৮১৯০০২ (ফ্যাক্স)

dir_plan@warpo.gov.bd

নম্বর: ৪২.০২.০০০০.০০৯.৩৫.০০৩.২৩.১৯০

১৪ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ২৯ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ


বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (কারিগরি), পরিচালক-২ এর দপ্তর, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা;
- ২। সচিব, প্রশাসন শাখা, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা;
- ৩। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল), ওয়ারপো;
- ৪। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিবেশ), পরিবেশ, বন ও মৎস্য শাখা, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা;
- ৫। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রোগ্রামার), কম্পিউটার ও তথ্য শাখা, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা;
- ৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রশাসন শাখা, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা;
- ৭। একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং
- ৮। বৈজ্ঞানিক কর্মকর্তা (সহকারী প্রোগ্রামার), কম্পিউটার ও তথ্য শাখা, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা।



সকল সংযুক্তিসমূহ:

- (১) উপস্থিতি
- (২) নথি ব্যবহার বৃদ্ধি বিষয়ক অফিস আদেশ



২৯-০৮-২০২৩
বদরুল হাসান লিটন
পরিচালক (পরিকল্পনা)